Project BRTA
11/09/2017

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
রক্ষণাবেক্ষণ অধিশাখা।
www.rthd.gov.bd

স্মারক নং-৩৫.০০.০০০০.০১৫.১৪.০৫৫.১৬-৪৬৩ তারিখঃ ১১.০৯.২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: ২০১৭-২০১৮ অর্থবছরে গোপালগঞ্জ সড়ক জোনের পিএমপি (সড়ক-মেজর) কর্মসূচীর অগ্রাধিকার তালিকা অনুমোদন সংক্রান্ত।

সূত্র: অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, গোপালগঞ্জ সড়ক জোন, গোপালগঞ্জ পত্র নং-১৩-১/১৫৫৪ তারিখ: ০৮.০৮.২০১৭ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন গোপালগঞ্জ সড়ক জোনের ২০১৭-২০১৮ অর্থবছরের পিএমপি (সড়ক-মেজর) কর্মসূচীর অগ্রাধিকার তালিকায় নিম্নোক্ত মহাসড়কসমূহ নিম্নবর্ণিত শর্তে অন্তর্ভূক্তির অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলঃ

| ক্রম | সড়ক বিভাগের নাম | মহাসড়কের নাম | মহাসড়কের প্রস্তাবিত চেইনেজ | প্রস্তাবিত কাজের দৈর্ঘ্য (কিঃমিঃ) | কাজের ধরণ | সম্ভাব্য কাজের ব্যয় (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ফরিদপুর | দৌলতদিয়া-ফরিদপুর (গোয়ালচামট)-মাগুড়া-ঝিনাইদহ-যশোর-খুলনা-মংলা (দিগরাজ) জাতীয় মহাসড়ক (এন-৭) দৌলতদিয়া-(ফরিদপুর-কামারখালী অংশ) | ১৮+৯৭৬-২৯+০০০ বসন্তপুর-রাজবাড়ী রাস্তার মোড় ৬০+৭৪৫-৬১+৩৬০ ক্লাব ঘর হতে-কামারখালী বাজার শুরু প্রান্ত ৬১+৬১৫-৬৬+৩৪৭ কামারখালী বাজার শেষ প্রান্ত-ওয়াপদা মোড় | ১৫.৩৭১ | ২৩+৯০০-২৪+০০০ ২৫+৬৭০-২৫+৮০০ পর্যন্ত ১৫০ মিলিমিটার এগ্রিগেট বেইজ টাইপ-১ এবং ২০+৭০০-২০+৮৫০, ২১+৭৭৩-২১+৯২৩ ২৩+৯০০-২৪+০০০, ২৪+৫২০-২৪+৬৪০ ২৫+৬৭০-২৫+৮০০, ২৬+৭৫০-২৬+৯০০ ২৭+৯৫০-২৮+০৬২, ৬০+৭৪৫-৬১+৩৬০ ৬২+৪২৫-৬২+৬৪৫, ৬৪+১৮২-৬৪+৫২০ ৬২+৭৮০-৬২+৮৩০, ৬২+৬৪৫-৬২+৭০০= ১৫৭০ মিটারে ৭০ মিলিমিটার ডিবিএস বেইজ কোর্সসহ (প্রোফাইল সংশোধনসহ) ১৮+৯৭৬-২৯+০০০, ৬০+৭৪৫-৬১+৩৬০, ৬১+৬১৫-৬৬+৩৪৭=১৫.৩৭১ কিলোমিটার মহাসড়কাংশে ৫০ মিলিমিটার ডিবিএস ওয়ারিং কোর্স | ২৩৩৩.০৪ |
| ২ | ফরিদপুর | ভাঙ্গা-ফরিদপুর (গোয়ালচামট) জাতীয় মহাসড়ক (এন-৮০৪) | ২৭+২৭০-৩২+০৬৩ নদী গবেষণা ইন্সটিটিউট-রাজবাড়ী রাস্তার মোড় | ৪.৭৯৩ | ৩০+৩৬৬-৩০+৫৬৬ পর্যন্ত ১৫০ মিলিমিটার এগ্রিগেট বেইজ টাইপ-১ ৩০+৩৬৬-৩০+৫৬৬ ৭০ মিলিমিটার ডিবিএস বেইজ কোর্সসহ (প্রোফাইল কারেকশনসহ) ২৭+২৭০-৩২+০৬৩=৪.৭৯৩ কিলোমিটার মহাসড়কাংশে ৫০ মিলিমিটার ডিবিএস ওয়ারিং কোর্স | ১১৪১.৭৩ |
| মোট | | | | ২০.১৬৪ | | ৩৪৭৪.৭৭ |

শর্তঃ

০১। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক-মেজর) এর আওতায় গৃহীত কর্মসূচী বাস্তবায়নের জন্য ইজিপি পদ্ধতিতে দরপত্র আহবান করতে হবে;

০২। ২০১৫ সালের সওজ এর রেইট অব সিডিউল অনুযায়ী দরপত্র আহবান করতে হবে;

০৩। দরপত্রে অংশগ্রহণকারী সকল প্রতিষ্ঠানের পূর্ণ নাম উল্লেখ করতে হবে এবং Joint Venture (JV) হিসেবে একাধিক ঠিকাদার কোন দরপত্রে অংশগ্রহণ করলে প্রত্যেক ঠিকাদারের আলাদা আলাদাভাবে পিএমপি (সড়ক) অথবা একই ধরনের কাজের অভিজ্ঞতা আবশ্যিকভাবে থাকতে হবে বিষয়গুলো দরপত্র দলিলের শর্তে অন্তর্ভূক্ত করতে হবে;

০৪। DBS Wearing Course ও DBS Base Course এর ব্যবহৃত বিটুমিন ৬০/৭০ গ্রেড মানের হতে হবে;

০৫। গত ৩(তিন) অর্থবছরের মধ্যে DBST এবং নূন্যতম গত ৪(চার) অর্থবছরের DBS Wearing Course এর কাজ হয়েছে এরূপ কোন মহাসড়ক বা মহাসড়কাংশ ২০১৭-২০১৮ অর্থবছরের কর্মসূচীর আওতাভূক্ত হয়ে থাকলে তা যাচাই করে বাদ দিতে হবে;

০৬। কাজের গুণগত মান বজায় রাখার লক্ষ্যে ১০ (দশ) কোটি টাকার উর্ধ্ব মূল্যের প্যাকেজ করতে হবে এবং নির্মাণ কাজের জন্য ঠিকাদারকে অবশ্যই Batching Plant ব্যবহার করতে হবে। কেবল বিশেষ পরিস্থিতিতে অত্র বিভাগের অনুমতি নিয়ে ১০(দশ) কোটি টাকার নিম্নের প্যাকেজ করা যাবে;

০৭। ২০১৭-২০১৮ অর্থবছরের কর্মসূচীর আওতাভূক্ত যে সকল মহাসড়কের বিষয়ে HDM এর কোন সুপারিশ নেই সে সকল মহাসড়কের বিষয়ে সংশ্লিষ্ট মনিটরিং টিমের লিখিত সুপারিশ ব্যতীত দরপত্র আহবান করা যাবে না;

০৮। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় কোন কাজ চলমান আছে এরূপ কোন মহাসড়ক বা মহাসড়কাংশ কর্মসূচীর আওতাভূক্ত হয়ে থাকলে তা যাচাই করে বাদ দিতে হবে;

০৯। মহাসড়কের অবস্থা Fair to Good Condition এ আছে এমন কোন মহাসড়ক বা মহাসড়কাংশ কর্মসূচীর আওতাভূক্ত হয়ে থাকলে তাও যাচাই করে বাদ দিতে হবে;

১০। বর্ষা মৌসুমে বৃষ্টিতে কোন বিটুমিনাস কাজ করা যাবে না;

১১। ২০১৭-২০১৮ অর্থবছরের গৃহীত কর্মসূচী বাস্তবায়নের জন্য প্রতিটি প্যাকেজের নির্বাচিত ঠিকাদারকে কাজ সমাপ্তির নিমিত্ত কাজ শুরুর তারিখ হতে (Notice to commence) সবোর্চ্চ ৬(ছয়) মাস সময় দেয়া যাবে। তবে প্রদত্ত সময়ের মধ্যে বর্ষাকাল হিসেবে ১৫ জুন থেকে ১৫ সেপ্টেম্বর বা অংশ বিশেষ অন্তর্ভূক্ত থাকলে সে সময়কাল অতিরিক্ত হিসেবে কার্যাদেশে অন্তর্ভূক্ত করা যাবে।

১২। পিপিআর ২০০৮ এর বিধি ৬১(৪) অনুযায়ী দরপত্র প্রস্তাব দাখিলের জন্য নির্ধারিত নূন্যতম সময়সীমা ২৮ দিন দিয়ে দরপত্র আহবান করতে হবে। তবে অনিবার্য কোন কারণে দরপত্র দাখিলের সময়সীমা বৃদ্ধির প্রয়োজন হলে তা পিপিআর ২০০৮ এর বিধান মতে করতে হবে;

১৩। ঠিকাদার কর্তৃক উদ্ধৃত দর ৫% এর অধিক বেশী/কম হলে দরপত্র মূল্যায়নের সময় দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক পিপিআর ২০০৮ অনুসরণ বাধ্যতামূলকভাবে রেইট এনালাইসিস করতে হবে। দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক আইটেমভিত্তিক রেইট এনালাইসিস প্রতিবেদন প্রস্তাব অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট আলাদাভাবে দাখিল করতে হবে;

চলমান পাতা-০২